

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৪.১৫-(পার্ট-১) , ২৭১

তারিখ: ২৬.১.২০২২

বিষয়:- তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত জানুয়ারি/২০২২ (১ম পক্ষ) মাসের ‘জনমত ও প্রতিক্রিয়ার’
প্রতিবেদন।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪টি তথ্য অফিস
থেকে প্রাপ্ত দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাকিস্তান জনমত ও প্রতিক্রিয়ার প্রতিবেদন তৈরি
করা হয়।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রাণ্ডিং শেখ হাসিনা)
বিষয়ক চলচিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা
সমাবেশ, দেশীআবোধক ও উদ্বৃদ্ধকরণ সংগীতানুষ্ঠানসহ পথসভা ও খন্দসভার আয়োজন করে থাকে। এ সকল কাজ
বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার,
জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের
বার্তা নিয়মিত প্রচার করে থাচ্ছে।

এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া
ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে
প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত ও প্রতিক্রিয়ার প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জানুয়ারি-২০২২ (১ম পক্ষ) মাসের ‘জনমত ও
প্রতিক্রিয়া’ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে
প্রেরণ করা হলো।

সংযুক্তি: জনমত প্রতিবেদন এক প্রস্তুতি।

২৫/১২২
(মোঃ জসীম উদ্দিন)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন-৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের
জন্য অনুরোধ করা হলো)।

পাঞ্চিক জনমত ও প্রতিক্রিয়ার প্রতিবেদন জানুয়ারি' ২০২২ প্রথম পক্ষ

উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ

নৃতন বছরের প্রথম দিনে উৎসবমুখর পরিবেশে ৪ কোটি ১৭ লাখ ২৬ হাজার ৮৫৬ জন শিক্ষার্থীদের মাঝে ৩৪ কোটি ৭০ লাখ ২২ হাজার ১৩০ কপি পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়। এর মধ্যে দৃষ্টি প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্য ব্রেইল পদ্ধতিতে পাঠ্যপুস্তক ও ৫টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিক্ষার্থীদের মাতৃভাষায় মুদ্রিত পাঠ্যপুস্তকও রয়েছে। বছরের প্রথমদিনে নতুন বই পেয়ে উচ্ছাসে মেতে উঠে শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের এমন আনন্দে অভিভাবকরাও খুশি। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ বিশে অনন্য দৃষ্টান্ত। সরকারের এ অর্জনকে সাধুবাদ জানিয়েছে শিক্ষার্থী ও অভিভাবক মহল।

বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন

১০ জানুয়ারি বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবসটি উপলক্ষ্যে জেলা তথ্য অফিসসমূহ সড়ক প্রচার, চলচ্চিত্র প্রদর্শন, পোস্টার বিতরণ করে। এ ছাড়া জেলা তথ্য অফিসসমূহ মুক্তিযুক্তির ডকুমেন্টের প্রদর্শন করে। এ ডকুমেন্টেরিতে মুক্তিযুক্তির কথা, বীরমুক্তিযোদ্ধাদের বীরত্বের ঘটনা, পাকিস্তানি বাহিনীর নৃ-শংস গণহত্যা ও বর্বরতার ইতিহাস তুলে ধরা হয়। জেলা তথ্য অফিসসমূহের এ প্রচার কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেছে জনগণ।

আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক

দেশব্যাপী আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে তথ্য অফিসারদের প্রতিবেদন থেকে জানা যায়। আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ দমন, অপরাধীদের গ্রেঞ্চার ও যুব সমাজের মাঝে মাদকের অপব্যবহার বৃক্ষিরোধে বিজিবি, পুলিশ ও অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিয়মিত অভিযান অব্যাহত রেখেছে। তাদের কাজে সন্তুষ্টি প্রকাশ করেছে বলে জনমতে প্রকাশ।

শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত

কোনো ধরণের সহিংসতা ও বিশৃঙ্খলা ছাড়াই উৎসবমুখর পরিবেশে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। উৎসবমুখর পরিবেশে ভোট হওয়ায় ভোটাররা নির্বিঘ্নে দল বেঁধে ভোট কেন্দ্রে এসেছেন। ইভিএম পদ্ধতিতে সকাল ৮.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিরামহীন ভোটের মাধ্যমে নিজেদের অভিভাবক নির্ধারণ করে নগরবাসী। ভোটার উপস্থিতি ছিল প্রচুর। রাজধানীর উপকল্পে সুষ্টু অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় নগরবাসী ইসি ও স্থানীয় প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন।

পণ্য সামগ্রীর মূল্য স্থিতিশীল রাখতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা

ভরা মৌসুমে শীতের সবজির সরবরাহ বৃক্ষি এবং চালসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ঘাটতি না থাকা সত্ত্বেও বাজার দর উর্ধ্মুখী থাকায় অসন্তোষ প্রকাশ করেছেন ভোক্তৃসাধারণ। নিত্যপণ্য সামগ্রীর মূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সরকারি মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন ভোক্তৃসাধারণ।